



‘Accreditation Standards and Criteria & BNQF’ শীর্ষক ট্রেনিং



২২ জানুয়ারি ২০২৩-রবিবার IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ‘Accreditation Standards and Criteria & BNQF’ শীর্ষক ট্রেনিং কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ট্রেনিং এর ট্যাকনিকাল সেশনের প্রথম অংশে ‘Accreditation Standards and Criteria’ শীর্ষক বক্তব্য প্রদান করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সদস্য অধ্যাপক ড. এস. এম. কবির এবং দ্বিতীয় অংশে ‘Bangladesh National Qualification Framework (BNQF)’ শীর্ষক বক্তব্য প্রদান করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সদস্য অধ্যাপক ড. সঞ্জয় কুমার অধিকারী।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর সভাপতিত্বে ট্রেনিং-এ প্রধান অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দিন আহমদ।

স্বাগত বক্তব্য প্রদান করেন IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদা। অনুষ্ঠানে মডারেটর হিসেবে ছিলেন IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ সরোয়ার আলম এবং ড. মোঃ রফিকুল ইসলাম।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, প্রক্টর, বিভিন্ন দপ্তরের পরিচালক এবং বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।